



➡ **KHATRA ADIBASI MAHAVIDYALAYA**

➡ E –CONTENT

➡ DEPARTMENT –PHILOSOPHY

➡ SEMESTER –V

➡ SESSION –2021-2022

➡ SUBJECT – PHILOSOPHY OF RELIGION


➡ TOPIC – HINDUISM

➡ NAME OF THE TEACHER –TUHINA DEY


# হিন্দু ধর্মের রূপরেখা

হিন্দু ধর্মের রূপরেখা


- হিন্দু ধর্ম এমন একটি ধর্ম যাতে আধ্যাত্মিক বিকাশের জন্য এক প্রকার বিশ্বাস নির্দেশিত হয় নি, বিভিন্ন প্রকার দৃষ্টিভঙ্গির একটি সমন্বয় হল হিন্দু ধর্ম। কোন একটি অংশকে হিন্দু ধর্ম বলে চিহ্নিত করলে তাতে ভ্রান্তির সম্ভাবনা থেকেই যায়।




- যদি ঋক বেদকে হিন্দু ধর্মের উৎস বলে ধরে নেওয়া হয়, তাহলে বুঝতে হবে যে মনুষ্য সভ্যতার বহু পূর্বে তার উত্থান। বেদের যেটি উপসংহার অংশ যাকে উপনিষদ বা বেদান্ত বলা হয়, তাতেই হিন্দু ধর্মের মূল নীতি গুলি উল্লেখিত আছে। মনে রাখতে হবে বেদ বা উপনিষদ কোন একজন ব্যক্তির সৃষ্টি নয়। হিন্দু ধর্মে দাবি করা হয় - ইহা 'অপৌরুষেয়' এবং ঈশ্বরের মুখ নিঃসৃত বাণী। যা অন্ধকারাচ্ছন্ন অবস্থা থেকে মানবতাবাদের উন্মেষ ঘটায়। কিন্তু মনে রাখতে হবে হিন্দু ধর্মে কোনো একজন দাতার স্বীকৃতি নেই।



- এই ধর্মে বিশ্বাস করা হয় সত্যতা সার্বিক এবং নিত্য, ইহাকে বিভিন্ন বৈচিত্র্যময় প্রক্রিয়ার দ্বারা লাভ করা যায় । উপনিষদ যাতে হিন্দু ধর্মের মূল নীতি গুলি লিপিবদ্ধ আছে সেগুলি মূলত বিভিন্ন ঋষির উপলব্ধির সমাহার । যাদের ব্যক্তিগত অভিজ্ঞতা, অতীন্দ্রিয় জ্ঞান এবং দৈহিক প্রকাশের মধ্য দিয়ে তারা এগুলিকে অর্জন করেন । এই নীতি গুলি বংশানুক্রমে শ্রুতির মাধ্যমে শিষ্যের জ্ঞাত হয় ।



- যদিও উপনিষদ বহুকাল ধরে হিন্দু ধর্মের নীতি সমূহ ধারণ করে আছে । কিন্তু অপর একটি শাস্ত্র ভগবত গীতা যাকে বেদান্তের স্বর্গীয় টিকা বলে বর্ণনা করা হয়। এবং যা কবিতা এবং সঙ্গীতের মাধ্যমে অধিকতর জনপ্রিয় অর্জন করে প্রাচীন থেকে আধুনিক কাল পর্যন্ত হিন্দু ধর্মের ঐতিহ্য কে বহন করে আসছে ।





THANK YOU